

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী

নম্বর ২৭.১২.৩০২৯.৫১৬.০২.০০৮.২০.৭০১৩

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৭

১২ ডিসেম্বর ২০২০

“আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি”

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিয়ন্ত্রিত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪৭০০.০০ হতে ২৬৪৮০.০০ টাকা অনুযায়ী সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র ও পবিস নির্দেশিকা/সাকুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি।	১। বয়স সীমা: প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়াম) বছর (২৭/১২/২০২০ খ্রিঃ তারিখ)। ২। অভিজ্ঞতা: আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্মোষণকর ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ৩। অন্যান্য যোগ্যতা: (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। (ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষ কর্মমূল্যায়ন করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ তেরিফিকেশন (যদি পূর্বে না হয়ে থাকে) রিপোর্ট সমন্বয়জনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/ দুই) টি কর্ম দিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সমন্বয়জনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

শর্তাবলীঃ

(ক)	আবেদনপত্র পূরণ ও জমাদানঃ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www.pbs.feni.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউন লোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ২৭/১২/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী বরাবর ডাকঘোশে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
(খ)	আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ (১) ০৩ (তিন) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জীন ছবি; (২) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি; (৩) জাতীয় পরিচয়পত্রের/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি; (৪) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (৫) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার/ স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ” যা এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে। উল্লেখ্য যে, দাখিলকৃত সকল সনদ পত্রের ফটোকপি (অভিজ্ঞতা সনদ ব্যতীত) ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবী সযথিত সীলসহ সত্যায়িত থাকতে হবে।
(গ)	অন্যান্য শর্তাবলীঃ (১) আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ (বায়াম) বৎসরের মধ্যে হতে হবে। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্মোষণকর চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে। (২) বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়। (৩) অভিজ্ঞতা সনদ পত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ্য পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/ করছেন) উল্লেখ করতে হবে। (৪) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র সমিতিতে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার হিসাবে ০৩ বছর/ ০৬ বছর/ ০৯ বছর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

	(৫) প্রাপ্ত আবেদনপত্র সমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (on job service length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ- ১২ নভেম্বর' ২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।
	(৬) অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকগণের রক্ত সর্পকীয় কেউ অথবা তাঁদের স্বামী-স্ত্রীগণের রক্ত সর্পকীয় কেউ আবেদন করতে পারবেন না।
	(৭) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শুল্লা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দস্ত প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।
	(৮) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।
	(৯) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিক্রমেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
	(১০) ফেনী জেলার কোন মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার আবেদন করার প্রয়োজন নাই।
	(১১) অসম্পূর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
	(১২) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদেই বলবৎ থাকবে যা কোন ক্রমেই নিয়মিত হবে না।
	(১৩) সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
	(১৪) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষণিক/খন্ডকালীন নিয়োজিত হতে/থাকতে পারবেন না।
	(১৫) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।



১২-১২-২০২০

মোঃ আখতার হোসেন

জেনারেল ম্যানেজার

ফোন: ০১৭৬৯৪০০০২৯

ইমেইল: fenipbs84@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৪) একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৫) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ফেনী।
- ৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, পবিস.....১/২/৩/৪ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তি বহল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ সহ)।
- ৭) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরি) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ৮) ডিজিএম, ছাগলনাইয়া জোনাল অফিস, ফেনী পবিস।
- ৯) ডিজিএম, দাগনভূঞা জোনাল অফিস, ফেনী পবিস।
- ১০) ডিজিএম, পরশুরাম জোনাল অফিস, ফেনী পবিস।
- ১১) ডিজিএম, ফুলগাজী জোনাল অফিস, ফেনী পবিস।
- ১২) এজিএম(ওএন্ডএম), রাজাপুর সাব-জোনাল অফিস, ফেনী পবিস।
- ১৩) এজিএম(ওএন্ডএম), কসকা সাব-জোনাল অফিস, ফেনী পবিস।
- ১৪) ডিজিএম, সোনাগাজী জোনাল অফিস, ফেনী পবিস।
- ১৫) এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৬) এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৭) এজিএম (সদস্য সেবা), সদস্য সেবা বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৮) এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ১৯) এজিএম (এইচআর), মানব সম্পদ বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ২০) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ২১) এজিএম (অর্থ-রাজস্ব), অর্থ (রাজস্ব) বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
- ২২) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), আইটি বিভাগ, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল)।
- ২৩) নোটিশ বোর্ড, ফেনী পবিস।